ইত্তেফাক

তারিখ ... 4 JAN 2009 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

নির্বাচনোত্তর সহিংসতা

রুয়েটসহ বিভিন্ন স্থানে হামলা ভাংচুর লুটপাট ॥ আহত অর্ধশত

॥ ইত্তেফাক ডেস্ক ॥

জাতীয় নির্বাচনের ৫ দিন পরও দেশের বিভিন্ন স্থানে সহিংসতার শিকার হচ্ছেন রাজনৈতিক নেতা-কর্মীরা। গত ২৪ ঘন্টায় রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ (রুয়েট) একাধিক স্থানে হামলা, ভাংচুর, লুটপাটের খবর পাওয়া গেছে। এসব ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে অর্ধশত ব্যক্তি। খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

রাবি ॥ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ছাত্রদল কর্মীদের ওপর দফায় দফায় হামলা ও তাদের কক্ষ ভাংচুর করেছে ছাত্রলীগ নেতা-কর্মীরা। আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে শুক্রবার রাত থেকে শুরু করে গতকাল শনিবার দুপুর পর্যন্ত দফায় দফায় চলা এ হামলায় ছাত্রদলের ১০ জন কর্মী আহত হয়েছেন। আহতদের মধ্যে পাঁচজনকে গুরুতর অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার রাত নয়টার দিকে ছাত্রলীগের প্রায় ২০-২৫ জন কর্মী সশস্ত্র অবস্থায় শহীদুল্লাহ হলের ছাত্রদল কর্মী শিহাবকে মারপিট করে এবং তাকে হল থেকে বের করে দেয়। এরপর গতকাল শনিবার বেলা সাড়ে ১১টার দিকে ছাত্রলীগ কর্মীরা রুয়েটের বিভিন্ন হলের প্রধান ফটকে তালা ঝুলিয়ে ছাত্রদল কর্মী উৎপল, শাহীন, জুনায়েদ, কবির, রাসেল ও রশিদসহ ১০ জন ছাত্রদল কর্মীকে বেদম পিটুনি দেয়। ছাত্রলীগ কর্মীরা এ সময় ছাত্রদল নিয়ন্ত্রিত জিয়াউর রহমান হলের ২২৮, ৪২৮, ৪০৪ ও ৪২০, শহীদুল্লাহ হলের ২০৭, ৩০৩, ও ৩০৭ এবং সেলিম হলের ১০৩ ও ৩০৪ নম্বর কক্ষ ব্যাপক ভাংচুরও চালায়।

এ ব্যাপারে রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সভাপতি ইব্রাহিম হোসেন মুন ও সাধারণ সম্পাদক আয়েন উদ্দিন বলেন, ছাত্রদল ও শিবির পাঁচ বছর রুয়েট ক্যাম্পাসে সন্ত্রাস, দখলদারিত্ব ও ত্রাসের রাজত্ব কায়েম করেছে। তারা বলেন, ক্যাম্পাসে বিশৃংখলা রোধে নেতা-কর্মীদের শান্ত

(১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

নির্বাচনোত্তর সহিংসতা

(প্রথম পৃঃ পর)

থাকতে বলা হয়েছে। তার সার্বিক বিষয় সংগঠনের পক্ষ থেকে গুরুত্বসহকারে খতিয়ে দেখা হবে বলেও তারা উল্লেখ করেন। মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম খান জানান, ঘটনার পরপরই পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তবে এ ব্যাপারে গতকাল বিকেল পর্যন্ত থানায় কোন মামলা বা অভিযোগ দায়ের করা হয়নি।

সরিষাবাড়ী (জামালপুর): শনিবার বেলা সাড়ে ১১টায় নির্বাচনকে কেন্দ্র করে স্থানীয় নূরজাহান জিনিং কেমিকেল হামলা চালিয়ে লুটপাট করেছে এলাকার দুর্বৃত্তরা। সরিষাবাড়ী থানা সূত্রে জানা যায়, এলাকার কিছু আওয়ামী সমর্থক ছেলে বড়ো একদল মোড়ে জয়নুল হক বাদশার নূরজাহান জিনিং কেমিকেল হামলা চালিয়ে ক্যাশিয়ার মুখলেছুর রহমানকে অবরোধ করে ২ লাখ ৭১ হাজার ১ শত ৪৫ টাকা লুটে নেয়। খবর পেয়ে জামালপুর সার্কেল এসপি জাহিদ হাসান ভূঁইয়া ও সরিষাবাড়ী থানার ওসি আবুল কালাম আজাদ দুই প্লাটুন পুলিশ নিয়ে ঘটনাস্থল পরিদর্শন করেন। পরে পাম্পের মালিক জয়নুল হক বাদশা বাদী হয়ে সুজন (৩০), অপু (২২), আনোয়ার (২২), হাফিজুর (২৩), বিপ্লব (২০) ও রবিনকে (২৩) আসামি করে একটি লুটপাটের মামলা দায়ের করেন।

বরিশাল: মুলাদী বন্দর ছাত্রলীগ কর্মীরা বিএনপি'র একটি কার্যালয় ভাংচুর করে আসবাবপত্র লুট করেছে। গতকাল শনিবার ২০/৩০ জন ছাত্রলীগ কর্মী ডিগ্রি কলেজ মাঠে একত্রিত হয়ে প্রতিপক্ষ দলের বিরুদ্ধে স্লোগান দিতে থাকে। এক পর্যায়ে তারা কলেজ মাঠ সংলগ্ন এলাকায় বিএনপি'র কার্যালয়ে অভিযান চালায়। বিএনপি'র সাইনবোর্ড পুকুরে ফেলে দেয়া হয়। কার্যালয়ের আসবাবপত্র জানমালের নিয়ে যাওয়ার সময় পুলিশ তা উদ্ধার করে থানায় জমা রাখে। এ ঘটনার পরপরই থানা আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অভিযোগকারী বিএনপি কর্মীরা ছাত্রলীগ কর্মীদের খুঁজতে থাকে। পরে সন্ধ্যায় যুবলীগ কর্মী আহিদুল ইসলাম খানকে বিএনপি'র কর্মীরা ধরে মারধর করে জখম করেছে। গুরুতর অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সীতাকুণ্ড (চট্টগ্রাম): উপজেলায় পৃথক দু'স্থানে যুবলীগের হামলায় যুবদলের ২ কর্মী গুরুতর আহত হয়েছে। এছাড়া বিভিন্ন বাড়ীতে গিয়ে ছাত্রলীগের ক্যাডাররা বিএনপি ও অন্য সংগঠনের নেতাদের হুমকি দিচ্ছে বলে বিএনপি দলীয় সূত্রে জানা গেছে। গতকাল সকালে উপজেলার খেদারচরা গ্রামে যুবলীগের ক্যাডার দিনারুল আলমের নেতৃত্বে ৭/৮ জনের একদল সন্ত্রাসী স্থানীয় যুবদল নেতা আলাউদ্দিন (২২)-এর উপর হামলা চালিয়ে তাকে গুরুতর আহত করে। পরবর্তীতে তাকে স্থানীয় একটি ক্লিনিকে ভর্তি করা হয়। তার বড়ো ভাগ্নেকে জনক বলে জানা গেছে। অপর ঘটনাটি ঘটে গত শুক্রবার উপজেলার কেনাই নগর গ্রামে। ছাত্রলীগ কর্মিটি স্থানীয় যুবদল নেতা ইনাম হোসেন বাবলুকে তার বাড়ী থেকে জোর করে এনে তার উপর হামলা চালায়। তাকে প্রথমে সীতাকুণ্ড স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার তার বড়ো গুরুতর দেখে তাকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠিয়ে দেয়। এ ঘটনায় থানায় মামলা নিলেও পুলিশ তা দেয়নি বলে বরৈয়ারডাঙ্গা ইউনিয়ন বিএনপি'র সভাপতি ডাঃ কমল কুমার মিস্ত্রী জানিয়েছেন।

শেরপুর: আওয়ামী লীগ সমর্থকদের হামলায় নকলা উপজেলার গৌড়দ্বার ইউনিয়ন বিএনপি'র সেক্রেটারী মোঃ আকসার হোসেন (৪৫) আহত হয়েছেন। বর্তমানে তিনি নকলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তবে হামলাকারীরা কোন দলের সমর্থক নয় বলে এলাকাবাসী ও আওয়ামী লীগ নেতৃবৃন্দ জানান। এ ব্যাপারে নকলা থানায় মামলা হয়েছে।

বাগেরহাট: জেলার বিভিন্ন এলাকায় নির্বাচনোত্তর সহিংসতা বৃদ্ধি পাচ্ছে। কচুয়া উপজেলায় কড়ারদুল গ্রামে গতকাল শনিবার আলতাফ হাওলাদারের ৩টি গরু ও চন্দ্রপাড়া গ্রামের ইয়াহিয়ার হাঁস-মুরগি-ছাগল লুট হয়েছে। একই উপজেলার বাখাল গ্রামের জাহিদ মোল্লা ও কচুয়ার মধ্যপাড়ার কাসেম ভূঁইয়াকে মারপিট করে জখম করেছে প্রতিপক্ষরা। কাসেম ভূঁইয়া এখন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। একই উপজেলার বাখাল গ্রামের ইউপি সদস্য নারায়ণ ও আবুল শেখকে চাঁদা চেয়ে হুমকি দিয়েছে তারা। রামপাল উপজেলার শ্রীকৃষ্ণদলের চর থেকে বৃদ্ধা বাহিনীর লোকজন রুস্তম, দাউদ, ইদ্রিস, শাকের, শাহজাহানের বাড়ি থেকে বের করে দিয়ে তাদের ঘরবাড়ি দখল করে নিয়েছে। বাগেরহাটে ওয়াব বাহিনী আরিফিনকে মেরে বাড়িতে অবরুদ্ধ করে রেখেছে। একই উপজেলার গৌরদ্বা ইউনিয়নের চিত্রা গ্রামে আওয়ামী লীগ সমর্থিত মনির জামাতের কর্মী গোপালকে মেরে আহত করেছে। সে এখন খুলনানিয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। শরণখোলা উপজেলায় হাফেজ মাওঃ ফজলুল হককে শাবল, রড ও বাটখারা দিয়ে পিটিয়ে মারাত্মক আহত করা হয়েছে। সে এখন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে। সাতক্ষীরার গাবতলায় শহীদুলকে হাতুড়ি দিয়ে